# বরিশাল বোর্ড ২০১৫

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা : প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ৭ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

**সৃজনশীল**

পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. জামাল ও কামাল দুই বন্ধু। বিশ্ববিদ্যালয়ের লেখাপড়া শেষে জামাল X (প্রা:) লি. এবং কামাল Y (প্রা:) লি. নামে প্রতিষ্ঠান গড়ে তোলেন। X কোম্পানিতে বিদেশ হতে ভেষজ চর্বি আমদানি করে। সেটি প্রক্রিয়াজাত করে ক্ষার ও সুগন্ধি মিশিয়ে বিভিন্ন ধরনের সাবান তৈরি করে তা বাজারজাতকরণ করা হয়। অন্যদিকে Y কোম্পানি সরকারের নিকট হতে টেন্ডার নিয়ে দেশের মধ্যে বিভিন্ন সড়ক ও সেতু নির্মাণের কাজ করে। বর্তমানে দুই বন্ধুই সফল ব্যবসায়ী হিসেবে প্রতিষ্ঠিত।

ক. ব্যবসায় কী? ১

খ. খুচরা ব্যবসায় বলতে কী বোঝায়? ২

গ. X (প্রা:) লি. কোম্পানি উৎপাদন শিল্পের কোন ভাগের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. X ও Y কোম্পানির মধ্যে কোনটি দেশের আর্থ-সামাজিক উন্নয়নে প্রত্যক্ষ ভূমিকা রাখে? যুক্তি দেখাও। ৪

২.




উপরের চিত্রে কেন্দ্রে N প্রতিষ্ঠানের ব্যবস্থাপক B বিদ্যমান। যাকে ঘিরে তিনটি স্তর আছে। এ স্তরগুলো দ্বারা ব্যবসায়ের পরিবেশ বোঝানো হয়েছে। N প্রতিষ্ঠানটির ব্যবসায় ভালো চলছে। বর্তমানে B প্রতিষ্ঠানটি অভ্যন্তরীণ বাজারে ব্যবসায় বাড়াতে চান। তাই তিনি এ বিষয়ে চিন্তা-ভাবনা করছেন।

ক. ব্যবসায় পরিবেশ কী? ১

খ. আইনগত পরিবেশ বলতে কী বোঝায়? ২

গ. N প্রতিষ্ঠানের প্রথম স্তর দ্বারা ব্যবসায়ের কোন পরিবেশকে নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. B ব্যবসায়ের পরিধি বাড়ানোর জন্য স্তর ২ ও ৩ এর মধ্যে কোনটি অধিক গ্রহণযোগ্য? মতামত দাও। ৪

৩. জনাব আসিফ তার নিজস্ব কারখানার মানসম্মত সুতা উৎপাদন করে বিভিন্ন বৃহদায়তন শিল্প কারখানায় সরবরাহ করে থাকেন। উন্নত মানসম্পন্ন হওয়ায় আসিফের উৎপাদিত সুতা বিভিন্ন পোশাক শিল্প কারখানায় ব্যাপকভাবে সমাদৃত। নিজস্ব তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণের মাধ্যমে উৎপাদন কার্য পরিচালনার কারণে ধীরে ধীরে তিনি আন্তর্জাতিক মানসম্পন্ন সুতা উৎপাদন করতে সক্ষম হয়েছেন। ভবিষ্যতে তার আন্তর্জাতিক বাজারে প্রবেশের পরিকল্পনা আছে।

ক. কোম্পানি কী? ১

খ. অসীম দায় বলতে কী বোঝায়? ২

গ. জনাব আসিফের ব্যবসায়টি কোন ধরনের ব্যবসায় সংগঠন? ব্যাখ্যা করো। ৩

ঘ. আসিফের ব্যবসায়টি দেশের অর্থনৈতিক উন্নয়নে কী ধরনের ভূমিকা রাখতে পারে? মতামত দাও। ৪

৪. সাথী, মলি ও বিথী সমঝোতার ভিত্তিতে একটি বুটিক হাউজ প্রতিষ্ঠা করে। তাদের পণ্যের মান ভালো হওয়ায় লাভের পরিমাণ বাড়তে থাকে। তাই তারা ব্যবসায়ের পরিধি বাড়াতে চায়। কিন্তু তাদের ব্যক্তিগত ব্যস্ততার জন্য তারা ব্যবসায়ে সময় দিতে পারে না। তাই শ্যামলীকে অংশীদার হিসেবে নেয়। শ্যামলী কোনো মূলধন না দিয়ে পরিচালনায় অংশগ্রহণ করে। এমতাবস্থায় ৫ বছর পর শ্যামলী দুর্ঘটনায় অচল হয়ে যায়। তাই তারা প্রতিষ্ঠানটি নিয়ে চিন্তিত।

ক. অংশীদারি ব্যবসায় কী? ১

খ. চুক্তিপত্র বলতে কী বোঝায়? ২

গ. শ্যামলী কোন ধরনের অংশীদার? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যবসায়টির কোন ধরনের পরিসমাপ্তি হতে পারে? তোমার সপক্ষে যুক্তি দেখাও। ৪

৫. তুষার তার আট বন্ধুসহ X নামে একটি কোম্পানি গঠন করে। কোম্পানির পরিচালক ৫ জন। বর্তমানে তারা শেয়ার বাজারে শেয়ার ও ঋণপত্র ইস্যু করে মূলধন সংগ্রহ করে। প্রতিষ্ঠানটি লাভে চলছে। অন্যদিকে রিংকু তার চার বন্ধু মিলে Y নামে একটি কোম্পানি গঠন করে এবং পরিচালকের সংখ্যা তিনজন। প্রতিষ্ঠানটি বাজারে শেয়ার ছাড়তে পারছে না। তবে প্রতিষ্ঠানটি ভালো চলছে।

ক. যৌথ মূলধনী কোম্পানি কী? ১

খ. কৃত্রিম ব্যক্তিসত্তা বলতে কী বোঝায়? ২

গ. Y প্রতিষ্ঠানটি কোন ধরনের কোম্পানি? ব্যাখ্যা করো। ৩

ঘ. X ও Y প্রতিষ্ঠান দুইটির মধ্যে কোনটি দেশের কর্মসংস্থানে অধিক ভূমিকা রাখে? মতামত দাও। ৪

৬. পদ্মা নদীর তীরবর্তী একটি গ্রামের ৫০ জন প্রান্তিক কৃষক নিজেদের উৎপাদিত ফসলের ন্যায্যমূল্য পাওয়ার জন্য আইনগত সত্তাবিশিষ্ট একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। এ প্রতিষ্ঠানের মাধ্যমে তারা প্রয়োজনীয় সরঞ্জামাদি সংগ্রহ, উৎপাদন ও বাজারজাতকরণ কার্যক্রম গ্রহণ করেন। ফলে প্রতিষ্ঠানটি অল্প সময়ে অনেক পরিমাণে মুনাফা ও পুঁজি বাড়াতে সমর্থ হয়। বর্তমানে উৎপাদন বৃদ্ধির জন্য তারা সংরক্ষিত তহবিলের অর্থ দিয়ে আধুনিক কৃষি যন্ত্রপাতি ক্রয় ও উচ্চ ফলনশীল বিভিন্ন জাতের বীজ ক্রয় ইত্যাদি সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে একমত হতে পারছেন না। ফলে প্রতিষ্ঠানটির অগ্রগতি ব্যাহত হচ্ছে।

ক. কেন্দ্রীয় সমবায় সমিতি কী? ১

খ. সমবায় সমিতিতে সমভোটাধিকার বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটি কোন ধরনের সমবায় সংগঠন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটির সমস্যা সমাধানে করণীয় সম্বন্ধে তোমার সুপারিশমালা যুক্তিসহ বর্ণনা করো। ৪

৭. D নামের একটি প্রসিদ্ধ ব্যাংকের ৪০% শেয়ার সাধারণ জনগণের। ব্যাংকটি অনলাইন ব্যাংকিং-এর মাধ্যমে প্রত্যন্ত অঞ্চলে ব্যাংকটির কার্যক্রম পরিচালনা করে। ব্যাংকটি ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে ১০০ টাকার হিসাব খোলার সিদ্ধান্ত নেয়। ঐ হিসাবের মাধ্যমে বিদ্যুৎ বিল, পানি বিল গ্রহণ করা হয় এবং কৃষিঋণ নেয়া হয়। এতে প্রতিষ্ঠানটির সুনাম বৃদ্ধি পাচ্ছে।

ক. WASA কী? ১

খ. সরকারি-বেসরকারি অংশীদারিত্ব বলতে কী বোঝায়? ২

গ. D ব্যাংকটি কোন ধরনের ব্যবসায় সংগঠন? ব্যাখ্যা করো। ৩

ঘ. D নামক ব্যাংকটি তার নতুন সিদ্ধান্তের মাধ্যমে কী ধরনের সুবিধা করতে পারে? যুক্তি দেখাও। ৪

৮. জনাব জসিম একটি কারখানার মালিক। পদ্মা নদীর অদূরে তার কারখানা অবস্থিত। কখন কী ঘটে যায় এ ভেবে তিনি একটি বিমা কোম্পানির পলিসি গ্রহণ করেন। বিমার শর্তানুযায়ী যদি তার মৃত্যু ঘটে তবে তার পরিবার ১০ লক্ষ টাকা ক্ষতিপূরণ পাবেন। জনাব জসিম নিজের বিষয়ে সচেতন হলেও তার কারখানায় তিনি বর্জ্য শোধন যন্ত্রপাতি বসান নি। ফলে অপরিশোধিত বর্জ্য নদীতে ফেলছেন যা প্রাণিকুল ও পরিবেশের জন্য ক্ষতিকর ও ঝুঁকিপূর্ণ। এটি তিনি বুঝতে চাচ্ছেন না।

ক. ট্রেডমার্ক কী? ১

খ. কপিরাইট বলতে কী বোঝায়? ২

গ. জসিম বিমার কোন বিষয়কে গুরুত্ব দিয়ে বিমা পলিসি গ্রহণ করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত জনাব জসিম প্রাণিকুল ও পরিবেশের যে ক্ষতি করছেন তার জন্য গৃহীত আইনি ব্যবস্থার সুপারিশ করো। ৪

৯. নিলু ও বিনি দুই বান্ধবী। নিলু M ব্যাংক হতে নির্দিষ্ট পরিমাণ টাকা জমা দিয়ে একটি কার্ড নেন। অন্যদিকে বিনি কোনো টাকা জমা না দিয়ে N ব্যাংক হতে একটি কার্ড নেন। উভয়ের সেই কার্ড দ্বারা নির্দিষ্ট পরিমাণ পণ্যসামগ্রী কেনাকাটা করতে পারেন এবং প্রয়োজনে ATM বুথ হতে টাকা উত্তোলন করতে পারেন।

ক. LAN কী? ১

খ. উদ্যোক্তা বলতে কী বোঝায়? ২

গ. নিলুর কার্ডটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. বিদ্যমান পরিস্থিতিতে M ও N ব্যাংকের মধ্যে কোনটির ঝুঁকি বেশি? মতামত দাও। ৪

Teachingbd.com

http://teachingbd.com

# বরিশাল বোর্ড-২০১৫

সময় — ৪০ মিনিট পূর্ণমান— ৪০

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা প্রথমপত্র : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : | ২ | ৭ | ৭ |

১. ট্রেডমার্ক আইন অনুযায়ী সর্বোচ্চ কত বছর পর্যন্ত নিবন্ধন কার্যকর থাকে?
(ক) ৫ (খ) ৭ (গ) ১০ (ঘ) ৬০

২. সমবায় সমিতির একজন সদস্য সর্বোচ্চ কী পরিমাণ শেয়ার ক্রয় করতে পারবে?
(ক) ৫% (খ) ১০% (গ) ১৫% (ঘ) ২০%

৩. অংশীদারি ব্যবসায়ের স্থায়িত্বের ক্ষেত্রে প্রধান ভূমিকা পালন করে —
(ক) অংশীদারি পারস্পরিক আস্থা ও বিশ্বাস
(খ) লিখিত চুক্তিপত্র
(গ) নিবন্ধিত চুক্তিপত্র (ঘ) আদালত

**উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।**

'X' ৫০,০০০ টাকা এবং 'Y' ৭০,০০০ টাকা মূলধন নিয়ে একটি ব্যবসায় শুরু করে। 'X' ব্যবসায় পরিচালনায় অধিক শ্রম দেয়। বছর শেষে ২৫,০০০ টাকা মুনাফা হয়। 'X' তার অধিক মূলধন সরবরাহের জন্য অতিরিক্ত মুনাফা দাবি করে।

৪. উদ্দীপকে উল্লিখিত মুনাফা কীভাবে বণ্টিত হবে?
(ক) 'X' অধিক পরিমাণ মুনাফা পাবে
(খ) 'Y' অধিক পরিমাণ মুনাফা পাবে
(গ) 'X' এবং 'Y' সম পরিমাণ মুনাফা পাবে
(ঘ) 'X' এবং 'Y' অংশের মূলধনের আনুপাতিক হারে মুনাফা পাবে

৫. উদ্দীপকে উদ্ভূত সমস্যা ভবিষ্যতে এড়ানোর জন্য 'X' ও 'Y' এর সঠিক করণীয় কোনটি?
(ক) আদালতের আশ্রয় নেয়া (খ) আলোচনার ব্যবস্থা গ্রহণ করা
(গ) ব্যবসায়টি নিবন্ধন করা (ঘ) চুক্তিতে বিষয়টি অন্তর্ভুক্তকরণ

৬. নিচে ব্যবসায় প্রতিষ্ঠানের কোন কার্যক্রমটিকে সরকারের প্রতি দায়িত্ব পালন করা হয়েছে বলে গণ্য করা হবে?
(ক) রাষ্ট্রীয় আইন-কানুন মেনে চলা
(খ) শিক্ষা প্রতিষ্ঠান ও হাসপাতাল স্থাপন করা
(গ) রাস্তা-ঘাট উন্নয়নে সহায়তা করা
(ঘ) ন্যায্যমূল্যে পণ্য বিক্রয় করা

৭. ক্রয়-বিক্রয়ের মাধ্যমে কোন ধরনের প্রতিবন্ধকতা দূর হয়?
(ক) মালিকানাগত (খ) প্রচারগত
(গ) অর্থগত (ঘ) ঝুঁকিগত

**উদ্দীপকটি পড়ো এবং ৮ নং প্রশ্নের উত্তর দাও।**

শাহবন হাউজ একটি ব্যক্তি মালিকানাধীন ব্যবসায় প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি দীর্ঘদিন ধরে অতি মুনাফা অর্জন করে আসছে। প্রতিষ্ঠানটির একচেটিয়া ব্যবসায় রোধকল্পে সরকার প্রতিষ্ঠানটির ৫১% শেয়ার ক্রয় করে নেয়।

৮. উদ্দীপকে বর্তমানে শাহবন হাউজ কোন ধরনের ব্যবসায় প্রতিষ্ঠান?
(ক) অংশীদারি (খ) প্রাইভেট লি. কোম্পানি
(গ) পাবলিক লি. কোম্পানি (ঘ) রাষ্ট্রীয় ব্যবসায়

৯. ব্যবসায় পরিবেশের অভ্যন্তরীণ উপাদান —
(ক) ক্রেতা (খ) শ্রমিক-কর্মী
(গ) ঋণদাতা (ঘ) প্রতিযোগী

১০. ATM এর পূর্ণরূপ হলো —
(ক) Automatic Teller machine
(খ) Automatic Teller Machanism
(গ) Any Time Money
(ঘ) Automated Teller Machine

১১. কর অবকাশের সুবিধাটি ব্যবসায়ের জন্য কোন ধরনের সহায়ক সেবা?
(ক) উদ্দীপকমূলক (খ) সমর্থনমূলক
(গ) সংরক্ষণমূলক (ঘ) উন্নয়নমূলক

**উদ্দীপকটি পড়ো এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও।**

ব্যবসায়ের উদ্দেশ্যে ১৫ জন বন্ধু একটি কোম্পানি গঠন করেছেন। পণ্যের চাহিদা দিন দিন বৃদ্ধি পাওয়ায় কোম্পানি সম্প্রসারণের জন্য তারা প্রতিষ্ঠানটির কাঠামোগত পরিবর্তনের সিদ্ধান্ত নিয়েছেন।

১২. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটি প্রথমে কোন ধরনের ব্যবসায় সংগঠন ছিল?
(ক) পাবলিক লি. (খ) প্রাইভেট লি.
(গ) হোল্ডিং (ঘ) সাবসিডিয়ারি

১৩. বাজারে শেয়ার বিক্রির জন্য প্রতিষ্ঠানটিকে —
i. পরিমেল নিয়মাবলি পরিবর্তন করতে হবে
ii. স্টক এক্সচেঞ্জের তালিকাভুক্ত হতে হবে
iii. সিকিউরিটিস এন্ড এক্সচেঞ্জ কমিশনের অনুমোদন নিতে হবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৪. বিজ্ঞাপন ব্যয় চূড়ান্ত পর্যায়ে কে বহন করেন?
(ক) উৎপাদক (খ) পাইকার
(গ) খুচরা ব্যবসায়ী (ঘ) ভোক্তা

১৫. রাষ্ট্রীয় ব্যবসায়ের মূল লক্ষ্য —
(ক) মুনাফা অর্জন (খ) জনকল্যাণ
(গ) রাজস্ব বৃদ্ধি (ঘ) সরকারি নিয়ন্ত্রণ

**উদ্দীপকটি পড়ো এবং ১৬ নং প্রশ্নের উত্তর দাও।**

পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষে বাজারে গরুর চাহিদা বৃদ্ধি পেতে পারে। এজন্য শ্যামল একটি গরুর খামার দিল। যথাসময়ে গরু বিক্রি করে কাঙ্ক্ষিত মুনাফা অর্জন করলো।

১৬. শ্যামলের মধ্যে উদ্যোক্তার কোন গুণটির প্রভাব অধিক পরিলক্ষিত হয়েছে?
(ক) সুযোগের সদ্ব্যবহার (খ) ঝুঁকি গ্রহণ
(গ) উদ্ভাবনী (ঘ) শিক্ষা

১৭. ইসরাইলের সাথে বাংলাদেশের সরাসরি বাণিজ্য চুক্তি সম্পাদনে প্রতিবন্ধকতা সৃষ্টিকারী ব্যবসায় পরিবেশের উপাদান কোনটি?
(ক) সামাজিক (খ) অর্থনৈতিক
(গ) রাজনৈতিক (ঘ) আইনগত

**উদ্দীপকটি পড়ো এবং ১৮ নং প্রশ্নের উত্তর দাও।**

বর্তমানে বিভিন্ন ব্যাংক গরিব মেধাবি ছাত্র-ছাত্রীদের জন্য শিক্ষাবৃত্তির ব্যবস্থা করেছে। এটি উচ্চ শিক্ষার উন্নয়ন এবং ঝরে পড়া শিক্ষার্থীর সংখ্যা হ্রাসে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

১৮. ব্যাংকের এ ধরনের কাজকে বলা যায়?
(ক) ব্যবসায়ের মূল্যবোধ (খ) ব্যবসায়ের নৈতিকতা
(গ) ব্যবসায়ের সামাজিক দায়িত্ব (ঘ) প্রাতিষ্ঠানিক প্রতারণা

১৯. দায়ের দৃষ্টিকোণ হতে কোন ধরনের ব্যবসায় সংগঠন অধিক ঝুঁকিপূর্ণ?
(ক) একমালিকানা (খ) অংশীদারি
(গ) কোম্পানি (ঘ) সমবায় সমিতি

২০. অংশীদারি ব্যবসায় উদ্ভবের মূল কারণ —
i. পুঁজির স্বল্পতা দূরীকরণ ii. দক্ষতার সমাবেশ ঘটানো
iii. অপেক্ষাকৃত বৃহদায়তন ব্যবসায় করা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২১. সমবায় সমিতি আইনগত ভিত্তি কখন লাভ করে?
(ক) উপবিধি প্রণয়নের পর (খ) কার্যারম্ভের অনুমতির পর
(গ) উদ্যোগ গ্রহণের পর (ঘ) নিবন্ধনের পর

**উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও।**

আবীর শহর থেকে দূরবর্তী গ্রামে একটি মুদি দোকান দিয়ে জনগণকে সহজে পণ্য ক্রয়ের সুযোগ করে দিলেন। এতে আবীরের ব্যবসায়ে বেশ মুনাফা হচ্ছে। অপরদিকে তার বন্ধু পলাশ চট্টগ্রামের ভারী শিল্প এলাকায় মুদি দোকান দিয়ে ক্ষতির সম্মুখীন হলেন।

২২. উদ্দীপকে আবীরের ব্যবসায়টি কোন ধরনের প্রতিবন্ধকতা দূর করেছে?
(ক) ঝুঁকিগত (খ) স্থানগত
(গ) সময়গত (ঘ) ঝুঁকিগত

২৩. আবীরের তুলনায় পলাশের ব্যবসায়ে ক্ষতি হওয়ার কারণ হচ্ছে —
i. স্থান নির্বাচনে ভুল ii. অনুন্নত অবকাঠামো
iii. ব্যবসায়ের ধরন নির্বাচন ভুল
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৪. পাবলিক লি. কোম্পানির জন্য পরিমেল নিয়মাবলির পরিবর্তে গ্রহণ করা যেতে পারে কোম্পানি আইনের —
(ক) তফসিল-১ (খ) তফসিল-২
(গ) তফসিল-৩ (ঘ) তফসিল-৪

২৫. পৃথিবীর সবচেয়ে প্রাচীন ব্যবসায় সংগঠন কোনটি?
(ক) একমালিকানা (খ) অংশীদারি
(গ) কোম্পানি (ঘ) সমবায় সমিতি

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ নং প্রশ্নের উত্তর দাও।**

বেকী গ্রামের কৃষকগণ ন্যায্যমূল্যে পণ্য প্রাপ্তির আশায় সমবায়ের ভিত্তিতে একটি সংগঠন গঠন করে। বছর শেষে ২,০০,০০০ টাকা মুনাফা অর্জন করে।

২৬. সদস্যরা অর্জিত মুনাফার কত টাকা সঞ্চয় তহবিলে জমা রাখবে?
(ক) ১০,০০০ টাকা (খ) ১৫,০০০ টাকা
(গ) ২৫,০০০ টাকা (ঘ) ৩০,০০০ টাকা

২৭. সমবায় সমিতি হলো —
i. স্বেচ্ছাপ্রণোদিত প্রতিষ্ঠান ii. অনিবন্ধিত প্রতিষ্ঠান
iii. কৃত্রিম সত্তাধিকারী প্রতিষ্ঠান
নিচের কোনটি সঠিক?
(ক) i ও iii (খ) ii ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৮. কোম্পানি সংগঠনের মূল দলিল কোনটি?
(ক) স্মারকলিপি (খ) পরিমেল নিয়মাবলি
(গ) বিবরণপত্র (ঘ) কার্যারম্ভের অনুমতিপত্র

২৯. হোল্ডিং কোম্পানি শতকরা কত ভাগের অধিক শেয়ার ক্রয় করে নিজের অধিকার রাখে?
(ক) ৪০ ভাগের অধিক (খ) ৫০ ভাগের অধিক
(গ) ৫১ ভাগের অধিক (ঘ) ৬১ ভাগের অধিক

৩০. জনসংখ্যা ব্যবসায় পরিবেশের কোন ধরনের উপাদান?
(ক) অর্থনৈতিক (খ) রাজনৈতিক
(গ) সামাজিক (ঘ) সাংস্কৃতিক

৩১. বিনিয়োগকারীদের দৃষ্টিকোণ থেকে কোন ধরনের শেয়ার সর্বোত্তম?
(ক) প্রবর্তকদের শেয়ার (খ) অগ্রাধিকার শেয়ার
(গ) সাধারণ শেয়ার (ঘ) বোনাস শেয়ার

**উদ্দীপকটি পড়ো এবং ৩২ ও ৩৩নং প্রশ্নের উত্তর দাও।**

চা ব্যবসায়ে বাংলার সৌরভ প্রতিষ্ঠানটির খ্যাতি বিশ্বজুড়ে। সিলেট অঞ্চলে তাদের নিজস্ব চা বাগান রয়েছে। নিজস্ব বাগানের চা পাতার সাথে মসলাসহ নানা উপকরণের সংমিশ্রণ ঘটিয়ে তারা উন্নত মানের 'অর্গানিক চা' উৎপাদন করে বাজারজাতকরণ করে আসছে। প্রাকৃতিক কারণে নিজস্ব বাগানের চা উৎপাদনের পরিমাণ হ্রাস পাওয়ায় তারা শ্রীলঙ্কা হতে চা ক্রয় করে ঐ চা নিজস্ব ব্র্যান্ডে ইতালিতে বিক্রয় করছে।

৩২. উদ্দীপকের প্রতিষ্ঠানটির উন্নত মানের 'অর্গানিক চা' উৎপাদনের কার্যক্রম কোন শিল্পের অন্তর্ভুক্ত?
(ক) প্রজনন শিল্প (খ) নিষ্কাশন শিল্প
(গ) যৌগিক শিল্প (ঘ) সংযোজন শিল্প

৩৩. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটির ইতালিতে চা বিক্রয়কে কোন ধরনের ব্যবসায় বলা যায়?
(ক) আমদানি (খ) রপ্তানি
(গ) লাইসেন্সিং (ঘ) পুনঃরপ্তানি

৩৪. কোম্পানি ন্যূনতম চাঁদা কেন সংগ্রহ করা হয়?
i. প্রারম্ভিক খরচ নির্বাহের জন্য ii. চলতি খরচ নির্বাহের জন্য
iii. স্থায়ী সম্পদ ক্রয়ের জন্য
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৫. বাংলাদেশে পণ্যের নিয়ন্ত্রণ করে কোন সংস্থা?
(ক) বিসিআইসি (খ) বিএসটিআই
(গ) বিসিবি (ঘ) বিএডিসি

**উদ্দীপকটি পড়ো এবং ৩৬নং প্রশ্নের উত্তর দাও।**

যোগাযোগ ও সেতু মন্ত্রণালয়ের অধীনে BRTC সারাদেশে স্বল্প খরচে পণ্য ও যাত্রী পরিবহনের ক্ষেত্রে যথেষ্ট সুনাম অর্জন করেছে।

৩৬. BRTC কোন ধরনের ব্যবসায় প্রতিষ্ঠান?
(ক) সরকারি (খ) বেসরকারি
(গ) যৌথ মালিকানা (ঘ) পাবলিক লি. কোম্পানি

**উদ্দীপকটি পড়ো এবং ৩৭নং প্রশ্নের উত্তর দাও।**

কমল কক্সবাজারে বেড়াতে গিয়ে টাকার সংকটে পড়ে। তার সাথে ব্যাংক প্রদত্ত কার্ডটি থাকাতে সেটি ব্যবহার করে সামান্য কিছু টাকা উত্তোলন করতে সক্ষম হন। তাই সে তার বাবাকে তার ব্যাংক হিসাবে দশ হাজার টাকা জমা দিতে বলেন। তার বাবা ব্যাংকে তার হিসাবে টাকা জমা করতে সক্ষম হন। কিন্তু তার বন্ধু ব্যাংক কার্ড ব্যবহার করে নিজস্ব ব্যাংক হিসাবে জমাকৃত টাকার বেশি পরিমাণ অর্থ উত্তোলন করতে সক্ষম হলো।

৩৭. উদ্দীপকে কমল কোন ধরনের ব্যাংকিং সেবা ভোগ করলেন?
(ক) ডেবিট কার্ড (খ) ক্রেডিট কার্ড
(গ) ই-পে (ঘ) মোবাইল ব্যাংকিং

৩৮. উদ্দীপকে বর্ণিত কমলের বন্ধু কার্ডটি ব্যবহার করে কোন সুবিধাদি ভোগ করে থাকেন?
i. যেকোনো সময় অর্থ উত্তোলন করতে পারে
ii. যেকোনো পরিমাণ অর্থ উত্তোলন করতে পারে
iii. যেকোনো ATM বুথ থেকে অর্থ উত্তোলন করতে পারে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৯. অংশীদারি ব্যবসায়ে অংশীদারদের হতে হবে —
i. সাবালক ii. সুস্থ মস্তিষ্কসম্পন্ন
iii. শিক্ষিত
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৪০. SME-এর পূর্ণরূপ কী?
(ক) Small and Medium Enterprise
(খ) Small and Medium Entity
(গ) Short and Medium Enterprise
(ঘ) Short and Medium Enity

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ক | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | ক | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | খ | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | ঘ |
| ২১ | ঘ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | গ | ৩১ | গ | ৩২ | খ | ৩৩ | ঘ | ৩৪ | ক | ৩৫ | খ | ৩৬ | ক | ৩৭ | ক | ৩৮ | ক | ৩৯ | ক | ৪০ | ক |

http://teachingbd.com